



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস

(ইস্যু হিসাব শাখা)

পরিপত্র নং- ইহিশাঃ ২৩(পলিসি)/২০১১-০১

তারিখ : ২৪/০৩/২০১১

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

তফসিলী ব্যাংকের মাধ্যমে জনসাধারণ ও গ্রাহকদের জন্য ধাতব মুদ্রা বিনিময় ও লেনদেনের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

দেশের জনসাধারণের দৈনন্দিন লেনদেনের প্রয়োজনে সব ধরনের কাগজী মুদ্রার পাশাপাশি ১/-, ২/- ও ৫/- টাকার ধাতব মুদ্রার প্রচুর চাহিদা রয়েছে বিধায় বাংলাদেশ ব্যাংক যথেষ্ট সংখ্যক এ সকল ধাতব মুদ্রা মুদ্রণ ও সরবরাহ অব্যাহত রেখেছে। কিন্তু বাংলাদেশ ব্যাংকের সীমিত সংখ্যক অফিসের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে ধাতব মুদ্রা সরবরাহ করা সম্ভব হয় না। এ কারণে বিপুল মজুদ থাকা সত্ত্বেও মাঝে মাঝে সংবাদ মাধ্যমে ধাতব মুদ্রার সংকটের খবর প্রকাশিত হয়। জনসাধারণের চাহিদা মোতাবেক সকল মূল্যমানের ধাতব মুদ্রা এবং কাগজী নোট সরবরাহে বাংলাদেশ ব্যাংকের পাশাপাশি বাণিজ্যিক ব্যাংকসমূহের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সর্ব সাধারণের মধ্যে ধাতব মুদ্রা বিতরণের ক্ষেত্রে ব্যাংকসমূহের অনীহা পরিলক্ষিত হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যা কাম্য নয়। জনসাধারণের দৈনন্দিন প্রয়োজনে খুচরা ধাতব মুদ্রার সুষ্ঠু সরবরাহ নিশ্চিত করার স্বার্থে ব্যাংকসমূহের অবশ্য পালনীয় হিসেবে নিম্নোক্ত ব্যবস্থা পরিপালনে পরামর্শ দেয়া যাচ্ছে :-

- (১) ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংকের যে কোন অফিস থেকে নগদ অর্থ উত্তোলনের সময় মোট উত্তোলিত নগদ অর্থের কমপক্ষে ০.১০% (শতকরা দশমিক এক শূন্য ভাগ) ১/-, ২/- ও ৫/- টাকার ধাতব মুদ্রায় উত্তোলন করবে;
- (২) অত্র বিভাগের ১৫/১২/২০১০ তারিখের পরিপত্র নং-ইপ্রশাঃ ২৬-এ(পলিসি)/২০১০-৩৯৩ এর নির্দেশক্রমে ব্যাংকের প্রতিটি শাখায় নতুন/পুনঃপ্রচলনযোগ্য নোট যোগান ও বিনিময়ের জন্য স্থাপিত “পৃথক কাউন্টারের” মাধ্যমে ১/-, ২/- ও ৫/- টাকার ধাতব মুদ্রাও ব্যাংকসমূহ গ্রাহক/সর্ব সাধারণের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে;
- (৩) উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের পর্যবেক্ষণে থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকরী হবে।

আপনাদের সকল শাখাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশদানের অনুরোধ জানানো হ'ল।

আপনাদের বিশুদ্ধ,

স্বাক্ষরিত

(মোঃ খুরশীদ আলম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১১৯০৩